

# একজন কেয়ারার-এর যোগ্যতা যাচাই প্রক্রিয়া সম্পর্কে .....

## .... কিছু দরকারী তথ্য আমরা আপনাকে জানাতে চাই

**কেয়ারারদেরও কিছু অধিকার আছে!**

আপনি যদি এমন একজন কেয়ারার বা যত্নগ্রহণকারী হয়ে থাকেন যে বিনা পারিশ্রমিকে একজন পার্টনার বা জীবনসার্থী, পরিবারের একজন সদস্য অথবা একজন বন্ধু যাদের দৈনন্দিন জীবন আপনার সাহায্য ছাড়া অচল তাদের দেখাশোনা করছে, তাহলে কেয়ারার হিসাবে আপনার যোগ্যতা যাচাই করানোর অধিকার আপনার রয়েছে।

একটা নতুন আইন – কেয়ারারস্ (ইকুয়াল অপরচুনিটিজ) অ্যাক্ট বা যত্নগ্রহণকারী (সমান সুযোগ-সুবিধা) আইন – সমস্ত কেয়ারারদের সামনে আরো বেশী পছন্দ এবং সুযোগ এনে দেওয়ার চেষ্টা করে।

যে ব্যক্তির যত্ন আপনি নিচ্ছেন তার সঙ্গেই আপনার বাস করার দরকার নেই, এবং এমনকি তারা যদি সোশ্যাল সার্ভিসেস্-এর কাছ থেকে সাহায্য পেতে না চায় তাহলেও আপনার যোগ্যতা যাচাই করানোর অধিকার আপনার থাকবে।

যে কোন বয়সের লোকজনই কেয়ারার হতে পারে। সে হতে পারে :

- একজন প্রাপ্তবয়স্ক যে আরেকজন প্রাপ্তবয়স্কের দেখাশোনা করছে
- একজন প্রাপ্তবয়স্ক যে কোনরকম প্রতিবন্ধকতাসম্পন্ন একটি শিশুর দেখাশোনা করছে
- ১৮ বছরের কম বয়সী কেউ যে তার মা অথবা বাবার দেখাশোনা করছে

**আপনার যোগ্যতা যাচাই করানোর দরকার কেন হবে**

এই যোগ্যতা যাচাই প্রক্রিয়া কোন লোকের দেখাশোনা করার এবং আপনার নিজের স্বাস্থ্য ও সুস্থতা উপযুক্ত মানে বজায় রাখার ব্যাপারে প্রয়োজনীয় যে কোন ধরনের সাহায্য নিয়ে আলোচনা করার সুযোগ আপনাকে দেবে। এই আলোচনা সাধারণতঃ হবে সোশ্যাল সার্ভিসেস্-এর একজন কর্মীর অথবা একজন স্বাস্থ্য-সংক্রান্ত পেশাজীবির অথবা একজন অনুমোদিত যত্নগ্রহণকারীদের মূল্যায়নকারীর সঙ্গে।

এই মূল্যায়নের ফলাফল ব্যবহার করে সোশ্যাল সার্ভিসেস্ স্থির করবে কি ধরনের সাহায্য ও সহায়তা আপনাকে দেওয়া উচিত।

**এই যোগ্যতা যাচাই প্রক্রিয়ার মধ্যে কি থাকে ?**

আপনার বিভিন্ন চাহিদার মূল্যায়ন করা হবে সাধারণতঃ একটা মুখোমুখী বৈঠকে, কখনো হয়তো যে ব্যক্তির দেখাশোনা আপনি করছেন তার কমিউনিটি কেয়ার অ্যাসেসমেন্ট বা সামাজিক যত্ন মূল্যায়নের সঙ্গে একই সময়ে, যদি আপনারা দু'জনেই তাতে রাজি থাকেন।

অন্যথায়, আপনি আলাদা কোন সময়ে মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন।

আপনার চাহিদাগুলি বুঝিয়ে বলায় সাহায্যের জন্য একজন বন্ধু বা পরামর্শদাতাকে আপনি সঙ্গে রাখতে পারেন।

**যেঁসব প্রশ্ন আমরা আপনাকে করবো**

- একজন কেয়ারার বা যত্নগ্রহণকারী হিসাবে কি কি কাজ আপনি করেন ?
- আপনি কি যত্নগ্রহণকারী হিসাবে কাজ করে' যেতে সক্ষম এবং ইচ্ছুক ?

- আপনি কি অন্য কোন কাজ করেন, অথবা করতে চান?
- আপনি কি কোনরকম প্রশিক্ষণ নিতে কিংবা প্রাপ্তবয়স্কদের শিক্ষায় যোগ দিতে আগ্রহী?
- আপনার কি অবসর সময়ের জন্য এমন কিছু কাজ বা শখ আছে, আপনার যত্নগ্রহণকারীর ভূমিকা পালনের দরণে যেগুলিতে আপনি এখন আর সময় দিতে পারেন না?

সোশ্যাল সার্ভিসেস্ সরাসরি আপনাকে সাহায্য ও সহায়তা দিতে পারে, অথবা যে ব্যক্তির যত্ন আপনি নিচ্ছেন সরাসরি তাকেই সাহায্য দিতে পারে।

### আপনাকে যা করতে হবে

আপনার চাহিদাগুলি নিয়ে চিন্তাভাবনা করুন এবং কোন্ স্তরের যত্ন নেওয়া আপনার পক্ষে সম্ভব তার একটা স্পষ্ট ধারণা পাওয়ার চেষ্টা করুন।

### আপনার মূল্যায়ন বা যোগ্যতা যাচাইএর পরে

মূল্যায়নের ফলাফলের এবং আপনি ও মূল্যায়নকারী একমত হয়ে যে সহায়তাদান পরিকল্পনা রচনা করেছেন তার কপি আপনাকে দেওয়া হবে। আপনি যদি কোন সেবার জন্য অনুরোধ জানিয়ে থাকেন, তার জন্য যে অর্থসংস্থান অনুমোদন করা হয়েছে সেটাও আপনাকে জানিয়ে দেওয়া হবে।

আমরা নিশ্চিত করবো যে এই তথ্য যেন আপনাকে দেওয়া হয় :

- এর পরে কি হতে চলেছে
- সহায়তার জন্য কাদের সঙ্গে যোগাযোগ করতে হবে
- যে সাহায্য আপনাকে দেওয়া হচ্ছে তাতে ঠিকমতো কাজ হচ্ছে কি না তা নিশ্চিত করার জন্য আপনার বিভিন্ন চাহিদার মূল্যায়ন আমরা যে তারিখে করবো।

### আপনার যোগ্যতা যাচাইএর অনুরোধ কিভাবে জানাতে হবে

যে ব্যক্তির যত্ন আপনি নিচ্ছেন তার কেয়ার ম্যানেজার কিংবা কেয়ার কো-অর্ডিনেটরকে বলুন। আপনার সঙ্গে যদি ইতিমধ্যেই সোশ্যাল সার্ভিসেস্-এর কারো যোগাযোগ না হয়ে থাকে, এখানে যোগাযোগ করুন :

Carers Support Team (কেয়ারারস্ সাপোর্ট টীম)

Haringey Social Services (হারিংগে সোশ্যাল সার্ভিসেস্)

40 Cumberland Road (৪০ কাম্বারল্যান্ড রোড)

London N22 7SG (লন্ডন এন২২ ৭এসজি)

টেলিফোন : 020 8489 3967

ই-মেইল : [carerssupportteam@haringey.gov.uk](mailto:carerssupportteam@haringey.gov.uk)